সমকাল

তারিখ ... 14 MAY 2015 ...
পৃষ্ঠা ... ১৩ ... কলাম ... ৮ ......

### দুর্যোগ ঝুঁকি প্রশমন

# ঢাবি-অক্সফাম সমঝোতা স্মারক সই

■ সমকাল প্রতিবেদক

দেশে কার্যকরভাবে দুর্যোগ ঝুঁকি প্রশমনের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড ভালনারেবিলিটি, স্টাডিজ এবং অক্সফামের মধ্যে গতকাল বুধবার একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে গতকাল এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এবং অক্সফাম বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর স্নেহাল ভি. সোনেজি নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য দপ্তরে আয়োজিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড ভালনারেবিলিটি স্টাডিজের পরিচালক অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার সৈয়দ রেজাউর রহমান, অক্সফামের ডিজি রিয়াজ আহমেদ ও হিউম্যানিটারিয়ান প্রোগ্রাম ম্যানেজার মুর্শিদা আকতার উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় অন-লাইন কোর্স ও কারিকুলাম প্রণয়ন এবং ই-প্লাটফর্ম ও পোর্টাল অ্যাডমিনিস্ট্রেশন উন্নয়নের লক্ষ্যে অক্সফাম কর্তৃপক্ষ ঢাকা বিশ্ববিদ্যালয় ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড ভালনারেবিলিটি স্টাডিজ ইনস্টিটিউটকে আর্থিক ও কারিগরি সহায়তা প্রদান করবে। এ ছাড়া শিক্ষা কাঠামো উন্নয়নে একযোগে কাজ করা ছাড়াও অক্সফাম কর্তৃপক্ষ ঢাকা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড ভালনারেবিলিটি স্টাডিজের শিক্ষার্থীদের রিসার্চ ফেলোশিপ এবং ইন্টার্নশিপ প্রদান করবে।